# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৭২ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮১]

৩. কিতাবুল ইলম (كتاب العلم)

পরিচ্ছেদঃ ইলম উঠে যাবে এবং মূর্খতা বিস্তার লাভ করবে

باب رَفْعِ الْعِلْمِ وَظُهُورِ الْجَهْلِ

আরবী

□□ـ وَعَنْهُ قَالَ: لأُحَدِّثَنَّكُمْ حَدِيثًا لا يُحَدِّثُكُمْ أَحَدٌ بَعْدِي، سَمِعْتُ رَسُولَ اللَّهِ يَقُولُ مِنْ أَشْرَاطِ السَّاعَةِ: أَنْ يَقِلَّ الْعِلْمُ وَيَظْهَرَ الْجَهْلُ، وَيَظْهَرَ الزِّنَا، وَتَكْثُرَ النِّسَاءُ، وَيَقِلَّ الرِّجَالُ، حَتَّى يَكُونَ لِخَمْسِينَ امْرَأَةً الْقَيِّمُ الْوَاحِدُ. (بخارى:□□

বাংলা

৭২) আনাস (রাঃ) বলেনঃ আমি তোমাদেরকে এমন একটি হাদীছ শুনাবো, যা আমার পরে তোমাদেরকে আর কেউ শুনাবেনা। আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছিঃ নিশ্চয় কিয়ামতের অন্যতম আলামত হচ্ছে ইল্ম কমে যাবে এবং মানুষের মাঝে অজ্ঞতা বিস্তার লাভ করবে, মদ্যপান প্রকাশ পাবে, ব্যভিচার প্রকাশ পাবে, মহিলার সংখ্যা বৃদ্ধি পাবে এবং পুরুষের সংখ্যা কমে যাবে। এমনকি পঞ্চাশ জন মহিলার দেখা-শুনার জন্যে মাত্র একজন পুরুষ থাকবে।

টিকাঃ উপোরক্ত হাদীছ প্রমাণ করছে বর্তমানে দ্বীনি গবেষণা, ব্যাখ্যা-বিশ্লেষণ ও রিসার্চ-এর নামে দলীল বিহীন এবং সালাফদের নীতি বিরোধী যত বক্তব্য চলছে যেমন বিভিন্ন দল ও দর্শনের পক্ষপাত মূলক অপব্যাখ্যা তা ইল্মের অন্তর্ভূক্ত নয়। কেননা এগুলো যদি ইলম্ হত, তাহলে ইলম্ কমে যাবে না বলে বৃদ্ধির কথা বলা হত। কারণ এগুলো তো দিন দিন বেড়েই চলছে। মোট কথা, طريقة السلف أسلم وطريقة الخلف أعلم وأحكم অর্থাৎ পূর্বেকার বিদ্বানদের কর্মপন্থা অধিক নিরাপদ এবং পরবর্তীদের কর্মপন্থা সমধিক জ্ঞান ও বিজ্ঞানসমৃদ্ধ- উপরোক্ত হাদীছ এমন কথার অসারতা প্রমাণ করছে।

## English

(What is said regarding) the disappearance of the (religious) knowledge and the appearance of (religious) ignorance

Narrated Anas:

I will narrate to you a Hadith and none other than I will tell you about after it. I heard Allah's Messenger (ﷺ) saying: From among the portents of the Hour are (the following): -1. Religious knowledge will decrease (by the death of religious learned men). -2. Religious ignorance will prevail. -3. There will be prevalence of open illegal sexual intercourse. -4. Women will increase in number and men will decrease in number so much so that fifty women will be looked after by one man.

## ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ ৮১
ইসলামিক সেন্টারঃ ৮১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88767

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন